

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২) ক্বিবলার দিকে মাথা রাখা

ক্বিবলার দিকে মাথা রাখার মধ্যে কোন কল্যাণ নেই। অনেক স্থানে মারা যাওয়ার পরপরই মৃত ব্যক্তির মাথা পশ্চিম দিকে ঘুরিয়ে রাখে। অথচ এর পক্ষে কোন ছহীহ দলীল নেই। যে বর্ণনাটি প্রচলিত আছে তা যঈফ।

عَنْ يَحْيَى بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِيْ قَتَادَةَ عَنْ أَبِيْهِ أَنَّ النَّبِيَّ حِيْنَ قَدِمَ الْمَدِيْنَةَ سَأَلَ عَنِ الْبَرَاءِ بْنِ مَعْرُوْدٍ فَقَالُوْا تُوُفِّى وَأَوْصَى أَنْ يُوجَّهَ إِلَى الْقِبْلَةِ لَمَّا احْتُضِرَ فَقَالَ رَسُوْلُ اللهِ أَصَابَ الْفِطْرَةَ وَقَدْ رَدُتُ ثُلُثُهُ عَلَى وَلَدِهِ ثُمَّ ذَهَبَ فَصَلَّى عَلَيْهِ وَقَالَ اللهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ وَأَدْخِلْهُ جَنَّتَكَ وَقَدْ فَعَلْتَ.

ইয়াহইয়া ইবনু আব্দুল্লাহ ইবনু আবী কাতাদা বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যখন মদ্বীনায় আগমন করলেন, তখন বারা ইবনু মা'রের সম্পর্কে জিজ্ঞেস করলেন। তারা জবাবে বলল, সে মারা গেছে এবং আমাদেরকে তিনটি অছিয়ত করে গেছে। তার মধ্যে একটি হল, যখন তার মৃত্যু হবে তখন কিবলার দিকে করবে। রাসূল (ছাঃ) বললেন, সে ঠিকই বলেছে। আমি এই তিনটি বিষয় তার সন্তানদের বলে গেলাম। অতঃপর তিনি তার জানাযা পড়ালেন।[1] তাহকীক : বর্ণনাটি যঈফ। উক্ত বর্ণনার সনদে নাঈম বিন হাম্মাদ নামে একজন যঈফ রাবী আছে। এছাড়া বর্ণনাটি মুরসাল। কারণ ইয়াহইয়া বিন আব্দুল্লাহ ইবনে কাতাদা ছাহাবী নন। তিনি একজন তাবেঈ।[2]

ফুটনোট

- [1]. হাকেম হা/১৩০৫, ১/৩৫৩; বায়হাকী, সুনানুল কুবরা হা/৬৮৪৩।
- [2]. ইরওয়াউল গালীল হা/৬৮৯-এর আলোচনা দ্রঃ, ৩/১৫২ পূঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1998

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন